# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৮৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. পেশাব কিংবা পায়খানার সময় কিবলাকে পেছনে রাখা নিষিদ্ধ হওয়া সম্পর্কে

بَاب النَّهْيِ عَنِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ لِغَائِطٍ أَوْ بَوْلٍ

## আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ عَبْدِ الْكَرِيمِ عَنْ الْوَلِيدِ بْنِ مَالِكٍ مِنْ عَبْدِ الْقَيْسِ عَنْ مُحَمَّدِ بْنِ قَيْسٍ مَوْلَى سَهْلِ بْنِ حُنَيْفٍ عَنْ سَهْلِ بْنِ حُنَيْفٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ أَنْتَ رَسُولِي إِلَى أَهْلِ مَكَّةَ فَقُلْ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ عَلَيْكُمْ السَّلَامَ وَيَأْمُرُكُمْ إِذَا خَرَجْتُمْ فَلَا تَسْتَقْبِلُوا الْقِبْلَةَ وَلَا تَسْتَدْبِرُوهَا

إسناده ضعيف ولكن الحديث صحيح بشواهده

## বাংলা

৬৮৭. সাহল ইবনু হুনাইফ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেছেন: “তুমি মক্কাবাসীর প্রতি আমার প্রেরিত দূত। ফলে তুমি তাদেরকে বলো যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তোমাদেরকে সালাম জানিয়েছেন এবং আদেশ করেছেন যে, যখন তোমরা (পেশাব-পায়খানার উদ্দেশ্যে) যাও, তখন কিবলাকে সম্মুখে কিংবা পিছনে রেখে বসো না।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। কিন্তু হাদীস সহীহ এর অনেকগুলি শাহিদ সহীহ হাদীস থাকার কারণে।

তাহক্বীক্ব: আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ করেছি মাজমাউয যাওয়াইদ নং ১০২৩, ৬৯৮৫ এ। (বুখারী, আত তারীখুল কাবীর ১/২১১, তরজমাহ ৬৬৪; হাকিম, আল মুসতাদরাক ৩/৪১২ ; আব্দুর রাযযাক, আল মুসান্নাফ ৮/৪৬৬ নং ১৫৯২০; আহমদ ৩/৪৮৭ নং ১৬০২৭- ফাতহুল মান্নান হা/৭০৯ এর টীকা দ্র:- অনুবাদক।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল ইবনু হুনাইফ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76063

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন